

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
বেসরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১



নং-৪৫.১৬২.১১৬.০০.০০.০২৫.২০১৮-১৪৭

২০ শ্রাবণ ১৪২৭
০৪ আগস্ট ২০২০

বিষয় : দেশের সরকারি এবং বেসরকারি হাসপাতালসমূহে বিভিন্ন আইন-শৃঙ্খলা বাহিনীর অভিযান পরিচালনা।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, করোনা মহামারীর প্রাদুর্ভাবের পরে দেশের সরকারি এবং বেসরকারি হাসপাতালসমূহে আইন-শৃঙ্খলা বাহিনীর বিভিন্ন শাখার সদস্যগণ নানা বিষয়ে অভিযান পরিচালনা করছেন। একটি হাসপাতালে একাধিক আইন-শৃঙ্খলা বাহিনী অভিযান পরিচালনা করাতে তাদের স্বাভাবিক চিকিৎসা কার্যক্রম ব্যাহত হচ্ছে এবং এ কারণে স্বাস্থ্য প্রতিষ্ঠানসমূহে এক ধরনের চাপা অসোনত্ব বিরাজ করছে।

২। ইতোমধ্যে স্বাস্থ্য সেবা বিভাগ থেকে সরকারি ও বেসরকারি হাসপাতালের সার্বিক কার্যক্রম পরিবীক্ষণ করার জন্য একটি টাস্কফোর্স কমিটি গঠন করা হয়েছে, যেখানে জননিরাপত্তা বিভাগের একজন যুগ্মসচিব পর্যায়ের কর্মকর্তাও সদস্য হিসেবে আছেন। ভবিষ্যতে স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানে আইন-শৃঙ্খলা বাহিনীর কোন অপারেশন পরিচালনা করার প্রয়োজনীয়তা দেখা দিলে স্বাস্থ্য সেবা বিভাগের সাথে পরামর্শক্রমে তা করা যাবে।

৩। এমতাবস্থায়, যে কোন সরকারি এবং বেসরকারি প্রতিষ্ঠানে এরূপ অভিযান পরিচালনা থেকে বিরত থাকা এবং জরুরী অভিযান পরিচালনার প্রয়োজনীয়তা অনুভূত হলে স্বাস্থ্য সেবা বিভাগ এবং প্রয়োজ্য ক্ষেত্রে চিকিৎসা শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সাথে সমন্বয়পূর্বক পরিচালনা করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

উল্লেখ্য, এ বিষয়ে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর সাথে মাননীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী মহোদয়ের আলোচনা হয়েছে।

Handwritten signature and date: 08/08/2020

(উম্মে হাবিবা)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৪০৯৪৪

সচিব
জননিরাপত্তা বিভাগ,
স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

অনুলিপি (সদয় অবগতির জন্য)

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ।
- ✓ ৩. সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
৪. অতিরিক্ত সচিব (হাসপাতাল) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ।
৫. যুগ্মসচিব (সরকারি/বেসরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ।